সংবাদ

তারিখ AUG 30 2006
পৃষ্ঠা ১ কলাম ২



# ফাজিল কামিল সমমান নয়, দাবি আরবি ভার্সিটি

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল ও কামিলকে ডিগ্রি ও মাস্টার্সের সমমান দেয়ার সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেছে দেশের শীর্ষ আলেমরা। তারা স্বতন্ত্র আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জানিয়ে বলেছেন, সরকার যদি চক্রান্তকারীদের জালে জড়িয়ে মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে এগিয়ে যায় তাহলে কঠোর কর্মসূচি ঘোষণা ছাড়া বিকল্প কোন পথ খোলা থাকবে না। গতকাল মঙ্গলবার জমিয়াতুল মোদার্রেছীন ও মসজিদে গাউছুল আজম কমপ্লেক্সে অনুষ্ঠিত মাদ্রাসা শিক্ষক-কর্মচারীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের বিশেষ জরুরি সভায় দেশের শীর্ষ আলেমরা মন্ত্রিসভা কমিটির এ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেন। বক্তারা আগামী ১৬ সেপ্টেম্বর পল্টন ময়দানে অনুষ্ঠিতব্য মহাসমাবেশ সফল করার

দাবি : পৃ : ১১ ক : ১

## দাবি : আরবি ভার্সিটির

(১ম পৃষ্ঠার পর)

আহ্বান জানিয়ে বলেন, আমরা আশা করি সরকারের বোধোদয় হবে এবং মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত প্রত্যাহার করবে সরকার।

সভায় বক্তব্য রাখেন- বিশিষ্ট আবদুর রউফ, ছারছীনার পীর মাওলানা শাহ মোহাম্মদ মুহিবুল্লাহ, শায়খুল হাদিস আল্লামা আজিজুল হক, মাওলানা মুহিউদ্দীন খান, আল্লামা কাজী নুরুল ইসলাম হাশেমী, ফুলতলীর পীর আল্লামা আবদুল লতিফ চৌধুরী, চরমোনাইর পীর মাওলানা সৈয়দ ফজলুল করীম, আল্লামা জালাল উদ্দীন কাসেমী, মাওলানা আহমেদুল্লাহ আশরাফ, মাওলানা আখতারুজ্জামান, মাওলানা মাহফুজুর রহমান, মাওলানা নেজাম উদ্দিন, মাওলানা আবদুর রব ইউসুফী, অধ্যাপক এটিএম হেমায়েতউদ্দীন, মাওলানা লতিফ নিজামী, মাওলানা সালাহউদ্দীন, মাওলানা মুজিবুর রহমান মুক্তিবাদী, মুফতি শহীদুল ইসলাম এমপি, প্রিন্সিপাল মতিউর রহমান এমপি, মাওলানা রুহুল আমীন ও মাওলানা মো. ইউনুছ। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক এ এম এ বাহাউদ্দীন। সভা পরিচালনা করেন সংগঠনের মহাসচিব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী।

সভায় বক্তারা বলেন, সরকারের এ অবিবেচনাপ্রসূত একগুঁয়েমির ফলে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে এক মহাবিপর্যয় সৃষ্টি হবে। মাদ্রাসা শিক্ষা তার ঐতিহ্য, বৈশিষ্ট্য স্বাতন্ত্র্য হারিয়ে অতি দ্রুত সাধারণ শিক্ষার সাথে নিউস্কিম মাদ্রাসার মতো বিলীন হয়ে যাবে, শত শত মাদ্রাসা অস্তিত্ব হারাবে।